

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামিক স্টাডিজ বাদ দেয়ার সিদ্ধান্তের প্রতিবাদ

প্রেস বিজ্ঞপ্তি : জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ-এর এক জরুরী সভায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামিক স্টাডিজ বাদ দেয়ার সংবাদে গভীর উদ্বেগ প্রকাশ করে এ সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়।

গত শুক্রবার মিরপুর আরজাবাদস্থ কার্যালয়ে জমিয়তের সহসভাপতি প্রিন্সিপাল মাওলানা মোস্তফা আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আরো বলা হয় যে, ইসলামী শিক্ষাবিরোধী মনোভাবের কারণে দেশের ভৌহিনী জনতা আওয়ামী লীগকে ক্ষমতা থেকে সরিয়ে ইসলামী আদর্শ ও মূল্যবোধে বিশ্বাসী চারদলীয় জোটকে ভোট দিয়ে ক্ষমতায় বসিয়েছে। কিন্তু সেই সরকারের আমলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের এহেন সিদ্ধান্তে জাতি ক্ষুব্ধ। সভায় সরকারের নীতি আদর্শবিরোধী চক্রটিকে অপসারণের দাবী উত্থাপন করে সিদ্ধান্তটি বাতিলের আহ্বান জানান। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জমিয়তের সহকারী মহাসচিব মাওলানা আব্দুর রহীম ইসলামাবাদী, ছাত্র জমিয়ত সভাপতি গোলাম মুহিউদ্দিন, ইকরাম, মাওলানা শামসুল হক, মাওলানা আমিন উদ্দীন প্রমুখ।

বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়া

এদিকে বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরবিয়ায় সভাপতি মোস্তাফিজুর রহমান ওয়াহিদুল হক প্রমুখের সভাপতিত্বে গত শুক্রবার জমিয়তের সহকারী মহাসচিব মোহাম্মদ ওয়াহিদুল হক স্বাক্ষরিত এক যুক্ত বিবৃতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামিক স্টাডিজকে বাদ দেয়ার সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলা হয়, এ দেশে ইসলামী শিক্ষা তথা ইসলামকে নস্যাৎ করার ষড়যন্ত্র নতুন নয়। নেতৃত্বদ্বন্দ্ব অবিলাসে উক্ত সিদ্ধান্ত বাতিলের জোর দাবী জানান।